

২০১৭

বাংলা — সাধারণ

দ্বিতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

## Other than General candidates appearing as a whole

১। (ক) 'অভিসার'-এর সংজ্ঞা লেখো। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? পাঠ্যপদ অবলম্বনে তাঁর কৃতিত্ব আলোচনা করো।

৪+১+১০

অথবা

(খ) 'মাথুর' বলতে কী বোঝ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

৫+১০

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'অভিনব হেম কল্পতরু সঞ্চরক

সুরধুনী তীরে উজোর।'

কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? অংশটির তাৎপর্য নিরূপণ করো।

১+১+৩

(খ) 'রূপ লাগি আঁখি বুঝে গুণে মন ভোর।

প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।'

— উদ্ধৃত অংশটি কোন পর্যায়ের? পদকর্তা কে? উদ্ধৃত অংশটির তাৎপর্য লেখো।

১+১+৩

(গ) 'সখি কি পুছসি অনুভব মোয়

সোই পিরিতি অনু রাগ বাখানিতে

তিলে তিলে নূতন হোয়।'

— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।

৫

(ঘ) "এসব দুঃখ কিছু না গণি।

তোমার কুশলে কুশল মানি।।"

— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? পদটির অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা করো।

১+১+৩

৩। (ক) 'মেঘনাদবধ কাব্যের' প্রথম সর্গ অবলম্বনে মেঘনাদ চরিত্রের পরিচয় দাও।

১৫

অথবা

(খ) 'মেঘনাদবধ কাব্যের' চতুর্থ সর্গের নামকরণের সার্থকতা বিচার করো।

১৫

৪। সপ্রসঙ্গ তাৎপর্য আলোচনা করো (যে-কোনো দুটি) :

৫×২

(ক) "সিন্দুর-বিন্দু শোভিল ললাটে,

গোধূলি-ললাটে, আহা! তারারত্ন যথা।"

- (খ) 'পিতা সদা পুত্রদুঃখে দুঃখী  
তুমি যে জগৎ-পিতা, এ কি রীতি তব?'
- (গ) 'এ ক্লেশ আজি দিনু অকারণে,  
হায়, জ্ঞানহীন আমি।'
- (ঘ) 'বিহঙ্গিনী যথা  
যবে থাসে কালফণী কুলায়ে পশিয়া  
শাবকে।'
- ৫। (ক) 'পুনশ্চ' কাব্যের অন্তর্গত 'বাঁশি' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

## অথবা

- (খ) 'প্রথম পূজা' কবিতাটিতে কবির, দলিত-চেতনার যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো। ১৫
- ৬। (ক) 'আমার ভারতবর্ষ' কবিতায় কবির সমাজচেতনার বৈশিষ্ট্য ও স্বদেশের প্রতি অনুরাগ কীভাবে প্রকাশিত হয়েছে লেখো। ১৫

## অথবা

- (খ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫
- ৭। (ক) উদাহরণসহ অক্ষরবৃত্ত/মিশ্রকলাবৃত্ত/তানপ্রধান ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো। ১২

## অথবা

- (খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে-কোনো তিনটি) : ৪×৩  
দল, পংক্তি, কলা, যতি, পদ
- ৮। ছন্দোলিপি নির্ণয় করো (যে-কোনো দুটি) : ৪×২  
(পর্ব, পদ, রীতি, লয়, পঙক্তি, মাত্রার উল্লেখ বাঞ্ছনীয়)

- (ক) মেঘ মুলুকে ঝাপসা রাতে  
রামধনুকের আবছায়াতে  
তাল বেতালে খেয়াল সুরে  
তান ধরেছি কণ্ঠ পুরে।
- (খ) ছিপ খান তিন দাঁড় তিন জন মাল্লা  
চৌপর দিন ভর দেয় দূর পাল্লা।
- (গ) আজ কোনো কাজ নয় সব ফেলে দিয়ে  
ছন্দোবন্ধ গ্রন্থগীত এসো তুমি প্রিয়ে।
- (ঘ) হায় রে কবে কেটে গেছে কালিদাসের কাল  
পণ্ডিতেরা বিবাদ করে লয়ে তারিখ সাল  
আপাতত এই আনন্দে গর্বে বেড়াই নেচে,  
কালিদাস তো নামেই আছেন আমি আছি বেঁচে।
- (ঙ) গগনে অবঘন মেহ দারুণ  
সঘনে দামিনী চমকই  
কুলিশ পাতন শব্দ বন-বন  
পবন খরতর বলগই।